# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১.(০১).৯২/ ৬১৭ তারিখ: ২৬/০১/২০২০খ্রিঃ।

বিষয়: **এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৪তম সভার কার্যবিবরণী।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৪তম সভা গত ০৭ জানুয়ারি ২০২০ইং, বিকাল ০৩.০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।
সভায় নিচে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন। | সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম ৪৩তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২। অগ্রগতি পর্যালোচনা এবং এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ে আন্তর্জাতিক নারী দিবস ০৮ মার্চ ২০২০ কর্মসূচি নির্ধারণ, কমিটি গঠন | সভায় জনাব সালমা শহীদ, সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম আসছে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস'২০২০ উদ্‌যাপনের বিষয়টি উল্লেখ করেন। সে প্রেক্ষিতে সভাপতি সকলের অবগতির জন্য তিনি উল্লেখ করেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতি বারের ন্যায় এবারেও এলজিইডি'তে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করা হবে এবং জেলা পর্যায়ে দিবসটি উদ্‌যাপনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করা হবে। সভায় সদস্য-সচিব, "আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০২০" এবং সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভশীল নারী নির্বাচনের বিষয়টি উল্লেখ করেন এবং মাঠ পর্যায় থেকে সুফলভোগী নারীদের তথ্যাদি সেক্টর ভিত্তিক সংগ্রহ করার জন্য "মানদন্ড ছক" সংশোধনের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) এর দৃষ্টি আকর্ষণ করেন। সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচনের জন্য মাঠ পর্যায় থেকে সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহের জন্য পল্লী উন্নয়ন, পানি সম্পদ ও নগর উন্নয়নসহ তিনটি সেক্টরের ছক চুড়ান্তকরণের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিশদ আলোচনান্তে ফরমেট এ কিছু সংশোধন করতঃ সভায় সর্বসম্মতিক্রমে তিন সেক্টরের মানদন্ড ছক ও Evaluation criteria গৃহীত হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | অতঃপর সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচন করার জন্য মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হয়।<br><br>পল্লী উন্নয়ন সেক্টর:<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) — আহবায়ক<br>২। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, সদর দপ্তর — সদস্য<br>৩। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি — সদস্য<br>৪। জনাব নাজরীন জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি — সদস্য<br>৫। জনাব সাদিয়া শারমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, সিআরআইএমপি — সদস্য<br>৬। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি — সদস্য-সচিব<br>পানি সম্পদ উন্নয়ন সেক্টর:<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D) — আহবায়ক<br>২। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিএসপি (জাইকা-II) — সদস্য<br>৩। জনাব রায়হান সিদ্দিকী, উপ-প্রকল্প পরিচালক, HFMLIP — সদস্য<br>৪। জনাব সোহানা পারভীন, সিনিয়র সহকারী প্রকৌশলী (PME Unit) — সদস্য<br>৫। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (IWRMU) — সদস্য<br>৬। জনাব এ.কে.এম মোস্তফা মোর্শেদ, সিনিয়র সহকারী প্রকৌশলী (পরিকল্পনা) — সদস্য<br>৭। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, SSWRDP-II — সদস্য-সচিব<br>নগর উন্নয়ন সেক্টর:<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) — আহবায়ক<br>২। প্রকল্প পরিচালক, সিটিইআইপি — সদস্য<br>৩। জনাব ফাতেমা আক্তার, সিনিয়র সহকারী প্রকৌশলী, সিটিইআইপি — সদস্য | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

| | | |
|---|---|---|
| | ৪। জনাব হুমায়রা তাসমি হাবিব, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা) সদস্য<br>৫। জনাব সাদ্দাম হোসেন, সহকারী প্রকৌশলী, সিআরআইএমপি সদস্য<br>৬। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি সদস্য-সচিব | |
| | সেক্টর ভিত্তিক উপরোক্ত মূল্যায়ন কমিটির সদস্য-সচিব নিজ নিজ কমিটির আহবায়কের নিকট হতে মাঠ পর্যায় থেকে আসা তথ্যাদি নির্ধারিত সময় অনুযায়ী সংগ্রহ করে মূল্যায়ন কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনাক্রমে উপস্থিত সকলের ঐক্যমতে পূর্বের ন্যায় এবারের "আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০২০" কমিটি গঠন করার সুপারিশ করা হয়। তন্মধ্যে জনাব মোঃ শাহজাহান মোল্লা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মাননিয়ন্ত্রণ ও পরিবেশ)'কে "আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০২০" এ অন্তর্ভুক্ত করার এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে কমিটি গঠনের অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | সভাপতি নগর উন্নয়ন সেক্টরের নারীদের তথ্য সংগ্রহের সময় প্রকল্পের সরাসরি উপকারভোগীর পাশাপাশি ঠিকাদারদের সাথে এলজিইডির উন্নয়ন প্রকল্পে যে সকল নারী কাজ করেন তাদের তথ্য সংগ্রহের বিষয়েও গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে নগর উন্নয়ন সেক্টরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী'কে দায়িত্ব প্রদান করা হয়। তাঁকে নগর উন্নয়ন সেক্টরের সকল প্রকল্প পরিচালককে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও সভাপতি ভবিষ্যতে এই মানদন্ড ছকের Standard যাতে জাতীয় মানদন্ডের কাছাকাছি হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>পল্লী উন্নয়ন ও পানি সম্পদ উন্নয়ন সেক্টরে সফল নারীর তথ্যাদি সম্বলিত 'মানদণ্ড ছক' পূরণপূর্বক আগামী ৩১/০১/২০২০ইং তারিখের মধ্যে জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল বরাবর প্রেরণের এবং দুই সেক্টরের চুড়ান্ত রিপোর্ট ও তথ্যাদি আগামী ০৭/০২/২০২০ইং এর মধ্যে জেলা হতে সংগ্রহ সম্পন্ন করার সিদ্ধান্ত হয়।<br><br>নগর উন্নয়ন সেক্টরের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় যে সকল সুফলভোগী নারী আত্মনির্ভরশীল হয়েছেন তাদের তথ্যাদি 'মানদণ্ড ছক' পূরণপূর্বক আগামী ০৭/০২/২০২০ইং তারিখের মধ্যে প্রাথমিক যাচাই-বাছাই করে অগ্রাধিকার তালিকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এর নিকট প্রেরণের জন্য সিদ্ধান্ত হয়। অতঃপর তিন সেক্টরের সফল নারীর তথ্যাদি সম্বলিত 'মানদণ্ড ছক' সদর দপ্তর পর্যায়ে মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করে ১৫/০২/২০২০ইং এর মধ্যে সভাপতি, জেন্ডার ও উন্নয়ন ফোরাম'কে তথ্যাদি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা)। |
| | জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D) আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপনের অংশ হিসেবে ৮ মার্চ সদর দপ্তর পর্যায়ে র‍্যালী করার বিষয়ে প্রস্তাব করলে ফোরামের সভায় সর্বসম্মতিক্রমে র‍্যালী করার সিদ্ধান্ত হয়। তদ্‌প্রেক্ষিতে প্রকল্প পরিচালক, HFMLIP র‍্যালী আয়োজনের ব্যয়ভার বহনে সম্মতি প্রকাশ করলে উপস্থিত সকলে তাঁকে ধন্যবাদ জানান। | প্রকল্প পরিচালক, HFMLIP। |
| | ২০২০ সালের আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপনে ব্রুশিওর, ব্যানার, আমন্ত্রণপত্র তৈরির দায়িত্ব মিডিয়া সেন্টারকে প্রদান করা হয়। ব্রুশিওর তৈরির কাজে সহযোগিতা করার জন্য পল্লী উন্নয়ন, পানি সম্পদ, এবং নগর উন্নয়ন সেক্টর থেকে যথাক্রমে জনাব নাঈমা নাজনীন নাজ, প্রকল্প পরিচালক, জিপিবিআরডিপি, জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিএসপি-II এবং জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি'কে দায়িত্ব প্রদান করা হয়। | জনাব নাঈমা নাজনীন নাজ প্রকল্প পরিচালক, জিপিবিআরডিপি।<br>জনাব মৌসুমী সালমিন সি:সহ:প্র:,SSWRDP-II।<br>জনাব সোনিয়া নওরিন সি:সহ:প্র:, এমজিএসপি। |
| | আমন্ত্রিত অতিথি বর্গের তালিকা তৈরীর বিষয়ে জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D) জানান, আমন্ত্রিত অতিথির তালিকায় ADB, World Bank, UNDP, WFP, KFW, UNWOMEN এবং জেন্ডার বিষয়ক কার্যক্রমের সাথে সংযুক্ত সংগঠনকেও যোগ করা যেতে পারে। পাশাপাশি সভাপতি, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, মহিলা বিষয়ক অধিদপ্তর, পরিকল্পনা কমিশন এবং সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধির নাম প্রস্তাব করেন। এ বিষয়ে সভাপতি পূর্বের তালিকার সাথে মিল রেখে জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি)এর নেতৃত্বে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুতকরণসহ উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যোগাযোগ এবং তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধ জানান। | জনাব গোপালচন্দ্র দেবনাথ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D)। |
| ৩। বিবিধ | সভাপতি এলজিইডিতে কর্মরত জিওবি নারী কর্মকর্তা ও কর্মচারীদেরকে পুরস্কার প্রদান করার জন্য প্রস্তাব করলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং Evaluation criteria তৈরি করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়।<br>i) জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি)<br>ii) জনাব এস,এম, শাহনেওয়াজ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা)<br>iii) জনাব বিপুল চন্দ্র বনিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষনাবেক্ষন)<br>iv) জনাব নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক, HFLMIP<br>v) জনাব মোঃ জসিম উদ্দিন, প্রকল্প পরিচালক, NRP<br>vi) সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক, জামালপুর এবং শেরপুর জেলা<br>vii) জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী , সদর দপ্তর<br>viii) জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি | জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি)।<br>জনাব এস, এম, শাহনেওয়াজ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা)।<br>জনাব বিপুল চন্দ্র বনিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষনাবেক্ষন)।<br>জনাব নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক, HFLMIP।<br>জনাব মোঃ জসিম উদ্দিন প্রকল্প পরিচালক, NRP। |

| | | |
|---|---|---|
| | ix) বেগম রোকেয়া জেন্ডার বিশেষজ্ঞ, সিআরডিপি-II | জনাব সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক,J&SDRDP। |
| | জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন উপলক্ষে এলজিইডি'র সকল কার্যক্রমের উপর ভিডিও করার সময় এলজিইডি'র ডে-কেয়ার সেন্টার এর ভিডিও নতুন করে করার অনুরোধ জানান। সভাপতি সে বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | জনাব বেগম রোকেয়া, জেন্ডার বিশেষজ্ঞ, সিআরডিপি-II। জনাব সোনিয়া নওরিন, সি:সহ:প্র:, এমজিএসপি। সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৭/২০২০

(মোঃ আহসান হাবিব)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মাননিয়ন্ত্রণ ও পরিবেশ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী [রক্ষণাবেক্ষণ-(সড়ক)], এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম(পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম(ওএন্ডএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি(জাইকা-II), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, পিআরওভিএটিআই৩(প্রভাতী), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব সোহানা পারভিন, সিনিয়র সহকারী প্রকৌশলী (পিএমএন্ডই ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৬। ...............................................................................।